গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমবায় অধিদপ্তর
সমবায় ভবন, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.coop.gov.bd

নম্বর: ৪৭.৬১.০০০০.০০৪.৯৯.০৪২.২৫ ৮৪০ (২২)-৬/৩

তারিখ: ৩১ বৈশাখ/জ্যৈষ্ঠ ১৪৩৩ / ১৪ মে ২০২৬

বিষয় : বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত "বাংলাদেশ প্রতিবন্ধী কল্যাণ সমিতি (বিপিকেএস) জাতীয় লটারি-২০২৬" আপনার "সমবায় অধিদপ্তর" এর আওতাধীণ সকল প্রকল্পের সকল কর্মকর্তঅ, কর্মচারীসহ সকল জেলা সমবায় কার্যালয়, সকল উপজেলা সমবায় অফিসের সকল কর্মকর্তা, কর্মচারী, গ্রাহকের মাঝে ও ত্বদীয় মাধ্যমে টিকেট বিক্রয়ে সহযোগিতার অনুমতি ও নির্দেশনা প্রসঙ্গে।

সূত্র : বাংলাদেশ প্রতিবন্ধী কল্যাণ সমিতি (বিপিকেএস) এর স্মারক নম্বর-বিপিকেএস/লটারী/২০২৬-১৭৯;তারিখ-৩০.০৫.২০২৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত "বাংলাদেশ প্রতিবন্ধী কল্যাণ সমিতি (বিপিকেএস) জাতীয় লটারি-২০২৬" এর টিকেট বিক্রয়ে সহযোগিতার লক্ষ্যে প্রেরিত পত্রের ছায়ালিপি পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এসাথে প্রেরণ করা হলো।

সংযুক্ত: "বাংলাদেশ প্রতিবন্ধী কল্যাণ সমিতি (বিপিকেএস) জাতীয় লটারি-২০২৬" এর পত্র।

১৪/৫/২০২৬

মোহাম্মদ সফিকুল ইসলাম
উপনিবন্ধক (প্রশাসন)
সমবায় অধিদপ্তর, ঢাকা।

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়) :

০১. অধ্যক্ষ (অতিরিক্ত নিবন্ধক), বাংলাদেশ সমবায় একাডেমি, কোটবাড়ী, কুমিল্লা (তাঁর অধীনস্থ কার্যালয়ে পত্রে উল্লিখিত নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো)।

০২. যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/রংপুর/ময়মনসিংহ/সিলেট (তাঁর অধীনস্থ কার্যালয়ে পত্রে উল্লিখিত নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো)।

০৩. সহকারী প্রোগ্রামার (এম.আই.এস), সমবায় অধিদপ্তর, ঢাকা (জারিকৃত আদেশ সমবায় অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

০৪. সংশ্লিষ্ট নথি।

বাংলাদেশ প্রতিবন্ধী কল্যাণ সমিতি (বিপিকেএস)
BANGLADESH PROTIBANDHI KALLYAN SOMITY (BPKS)
AN ORGANISATION OF AND BY THE DISABLED PEOPLE WORKING FOR ALL
Member of Disabled Peoples' International (DPI)
Regd. No. GA 0128, DSS/FDO/R-362
BPKS

স্মারক নং- বিপিকেএস/লটারী/২০২৬-১৭৯ তারিখ : ০৩ মে ২০২৬ খ্রী:

বরাবর
নিবন্ধক ও মহাপরিচালক মহোদয়
নিবন্ধক ও মহাপরিচালকের দপ্তর
সমবায় অধিদপ্তর
শেরে বাংলা নগর, আগারগাঁও
ঢাকা-১২০৭।

ডকেট নং | তাং
- অতি. নি. (প্রশাসন)
- অতি. নি. (সমিতি ব্যব)
- অতি. নি. (ইপিপি)
- অতি. নি. (অডিট ও আইন)
- প্রকল্প পরিচালক
- স্টাফ অফিসার
- উপস্থাপন করুন
- প্রয়োজনীয় ব্যবস্থা নিন
- আলোচনা করুন
- নথিভুক্ত করুন

নিবন্ধক ও মহাপরিচালক
সমবায় অধিদপ্তর

বিষয় : বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত "বাংলাদেশ প্রতিবন্ধী কল্যাণ সমিতি (বিপিকেএস) জাতীয় লটারি-২০২৬" আপনার **"সমবায় অধিদপ্তর"** এর আওতাধীণ সকল প্রকল্পের সকল কর্মকর্তা, কর্মচারীসহ সকল জেলা সমবায় কার্যালয়, সকল উপজেলা সমবায় অফিসের সকল কর্মকর্তা, কর্মচারী, গ্রাহকদের মাঝে ও তৃদীয় মাধ্যমে টিকেট বিক্রয়ে সহযোগিতার অনুমতি ও নির্দেশনা প্রসঙ্গে।

সূত্র : স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, প্রশাসন-২ শাখার পত্র নং- ৪৭.০০.০০০০.০০০.০৩২.৯৯.০০০৭.২৬.২৬৬, তারিখ : ২৯ এপ্রিল, ২০২৬ খ্রিস্টাব্দ

সূত্র : অর্থমন্ত্রণালয়ের অভ্যন্তরীন সম্পদ বিভাগের পত্র নং- ০৮.০০.০০০০.০০০.০৪০.৩৪.০০০২.২৬.২৪, তারিখ : ৩১ মার্চ, ২০২৬ খ্রিঃ

প্রিয় মহোদয়,

উপরোক্ত বিষয়ে আপনার অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ প্রতিবন্ধী কল্যাণ সমিতি (বিপিকেএস) দেশের সকল ধরনের প্রতিবন্ধী ব্যক্তিদের একটি পথ প্রদর্শক সংগঠন যাহা ১৯৮৫ সালে প্রতিষ্ঠিত হয়। এটি একটি জাতীয় পর্যায়ের বেসরকারী স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান। সংস্থাটি তার সফল কার্যক্রমের জন্য আন্তর্জাতিক স্বীকৃতি অর্জন করেছে এবং জাতিসংঘ কর্তৃক এর নেতৃত্ব Disability Rights Champion Award লাভ করেছে। ইতিমধ্যে বিপিকেএস সুনামের সাথে দেশের ৪৩ টি জেলায় সরাসরি প্রতিবন্ধী ব্যক্তিদের উন্নয়ন কার্যক্রম পরিচালনা করে আসছে।

আমরা আনন্দের সাথে জানাচ্ছি যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থমন্ত্রণালয়ের অভ্যন্তরীন সম্পদ বিভাগ, স্ট্যাম্প শাখা কর্তৃক প্রেরিত পত্র নং- ০৮.০০.০০০০.০০০.০৪০.৩৪.০০০২.২৬.২৪, তারিখ : ৩১ মার্চ, ২০২৬ খ্রিঃ অনুযায়ী ২০/- (বিশ) টাকা মূল্যমানের "বিপিকেএস জাতীয় লটারি-২০২৬" দেশব্যাপী পরিচালনার অনুমোদন প্রাপ্ত হয়। লটারি টিকেট বিক্রয় কার্যক্রম আগামী ৩০/০৫/২০২৬ হতে ১৩/০৭/২০২৬ পর্যন্ত চলবে এবং ড্র অনুষ্ঠিত হবে ১৯/০৭/২০২৬ তারিখ (কপি সংযুক্ত)।

উক্ত টিকেট বিক্রয় সহযোগিতার জন্য আপনাদের প্রতিটি টিকেটে ৩০% কমিশন/সম্মানী প্রদান করা হবে। অর্থাৎ প্রতি টিকেটে ৬/- (ছয়) টাকা হারে কমিশন/সম্মানী প্রদান করা হবে। আপনি অবগত আছেন যে, দেশের প্রতিবন্ধী জনগোষ্ঠীর উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নে বিপুল অর্থের প্রয়োজন হয়। সেই লক্ষে উক্ত লটারি সফল ও সুষ্ঠুভাবে সুসম্পন্ন করার জন্য আপনার সার্বিক সহায়তা ও সহযোগিতা একান্ত কাম্য।

অতএব, উল্লেখিত বিষয়ে দেশের প্রতিবন্ধী জনগোষ্ঠীর উন্নয়নের লক্ষ্যে "বিপিকেএস জাতীয় লটারি-২০২৬" এর টিকেট বিক্রয়ের নিমিত্তে আপনার **"সমবায় অধিদপ্তর"** এর আওতাধীণ সকল প্রকল্পের সকল কর্মকর্তা, কর্মচারীসহ সকল জেলা সমবায় কার্যালয়, সকল উপজেলা সমবায় অফিসের সকল কর্মকর্তা, কর্মচারী, গ্রাহকদের মাঝে ও তৃদীয় মাধ্যমে সংযুক্ত নিয়মাবলীর আলোকে টিকেট বিক্রয়ে সহযোগিতা প্রদানের জন্য প্রয়োজনীয় অনুমতি ও নির্দেশনা প্রদানের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ জানাচ্ছি।

শ্রদ্ধান্তে,

Md. Abdus Sattar Dulal
Executive Director
(মোঃ আবদুস সাত্তার দুলাল, ইউএন ডিজঅ্যাবিলিটি রাইটস্ চ্যাম্পিয়ন)
প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক, বিপিকেএস।

বাংলাদেশ প্রতিবন্ধী কল্যাণ সমিতি (বিপিকেএস)
BANGLADESH PROTIBANDHI KALLYAN SOMITY (BPKS)
AN ORGANISATION OF AND BY THE DISABLED PEOPLE WORKING FOR ALL
Member of Disabled Peoples' International (DPI)
Regd. No. GA 0128, DSS/FDO/R-362
BPKS

সূত্র : বিপিকেএস/লটারি/২০২৬-০১-১

তারিখ: ০৩ মে ২০২৬ খ্রিঃ

# নিয়মাবলী

## বিক্রয় শুরু আগামী ৩০-০৫-২০২৬, "ড্র" ১৯-০৭-২০২৬ তারিখ

ক) প্রতি টিকেট মূল্যমান ২০/- (বিশ) টাকা।

খ) ৫০ (পঁঞ্চাশ লক্ষ) টাকার সর্বমোট ৯৪৮ টি পুরস্কার প্রদান করা হবে। ঘোষিত পুরস্কারের বর্ণনা প্রতিটি টিকেটের পিছনের পাতায় বিস্তারিত দেয়া আছে।

গ) লটারি টিকেট বিক্রয়ের জন্য প্রয়োজনীয় পোস্টার, ব্যানার ও স্টীকার টিকেটের সাথে সরবরাহ করা হবে। প্রচারণার জন্য রেডিও, টেলিভিশন, সংবাদপত্রসহ অন্যান্য মাধ্যমে বিজ্ঞাপন প্রচার করা হবে।

ঘ) লটারি টিকেট বিভিন্ন ব্যাংক/সংস্থা/প্রতিষ্ঠান ও এজেন্টগণের মাধ্যমে বিক্রয় করা হবে।

ঙ) ব্যাংক/সংস্থা/প্রতিষ্ঠান সমূহকে নিজস্ব চাহিদা পত্রানুসারে "বাংলাদেশ প্রতিবন্ধী কল্যাণ সমিতি (বিপিকেএস)" এর অফিস হতে লটারির টিকেট সরবরাহ করা হবে এবং সংশ্লিষ্ট ব্যাংক/সংস্থা/প্রতিষ্ঠান তাহাদের শাখা সমূহের মাধ্যমে টিকেট বিক্রয়ের ব্যবস্থা করবেন।

চ) টিকেট বিক্রয়ের আনুসাঙ্গিক খরচ, ভ্যাট এবং কর্মচারীদের উৎসাহ (Incentive) দেয়ার জন্য বিক্রয়লব্ধ অর্থ থেকে সংশ্লিষ্ট ব্যাংক/সংস্থা/প্রতিষ্ঠানকে প্রতি টিকেটের বিপরীতে ৬.০০ টাকা (৩০%) কমিশন প্রদান করা হবে। কোন ব্যাংক/সংস্থা/প্রতিষ্ঠান কমিশন গ্রহণ করতে না চাইলে উক্ত কমিশনের টাকা **"বাংলাদেশ প্রতিবন্ধী কল্যাণ সমিতি (বিপিকেএস)"** -এ অনুদান হিসাবে গৃহীত হবে।

ছ) ব্যাংক/সংস্থা/প্রতিষ্ঠান সমূহ টিকেট বিক্রয়লব্ধ অর্থ (কমিশন) বাদে ড্রাফট অথবা পে-অর্ডারের মাধ্যমে **"বাংলাদেশ প্রতিবন্ধী কল্যাণ সমিতি লটারি"** চলতি হিসাব নং- ০০০২৬০২০০৫২০০, স্থানীয় কার্য্যলয় শাখা, ঢাকা শিরোনামে **"বাংলাদেশ প্রতিবন্ধী কল্যাণ সমিতি (বিপিকেএস)"** ৩/৪-এ, সাব্বির টাওয়ার (২য় তলা) পুরানা পল্টন, ঢাকা-১০০০। এই ঠিকানায় প্রেরণ করতে অনুরোধ করা হলো।

জ) সংশ্লিষ্ট ব্যাংক/সংস্থা/প্রতিষ্ঠান সমূহে ১৩-০৭-২০২৬ পর্যন্ত লটারির টিকেট বিক্রয় করা যাবে এবং ১৬-০৭-২০২৬ তারিখ এর মধ্যে অবিক্রিত লটারির টিকেট সমূহ (যদি থাকে), সদস্য-সচিব, বাংলাদেশ প্রতিবন্ধী কল্যাণ সমিতি, ৩/৪-এ, সাব্বির টাওয়ার (২য় তলা) পুরানা পল্টন, ঢাকা- ১০০০ এর বরাবরে ফেরৎ পাঠাতে হবে।

ঝ) লটারির "ড্র" অনুষ্ঠান বাংলাদেশ সরকারের দায়িত্বশীল ব্যক্তিবর্গসহ গণ্যমান্য ব্যক্তিগণের উপস্থিতিতে অনুষ্ঠিত হবে।

ঞ) সামগ্রিক ব্যাপারে কোন কিছু জানতে **বাংলাদেশ প্রতিবন্ধী কল্যাণ সমিতি (বিপিকেএস)** এর সদস্য-সচিব, জনাব হাজী মোঃ আলম কবির, মোবাইল : ০১৭১১ ৫৮৯৮৭০, ০১৮৪২ ৫৮৯৮৭০ যোগাযোগ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

ধন্যবাদান্তে,

**হাজী মোঃ আলম কবির**
সদস্য সচিব
বিপিকেএস লটারি পরিচালনা কমিটি।

লটারি সংক্রান্ত যোগাযোগের জন্য ঢাকা অফিস ঃ ৩/৪এ, পুরানা পল্টন, সাব্বির টাওয়ার (২য় তলা), ঢাকা-১০০০
মোবাইল : ০১৭১১-৫৮৯৮৭০, ০১৮৪২-৫৮৯৮৭০ E-mail : nibircorporation88@gmail.com
প্রধান কার্য্যালয় : বিপিকেএস কমপ্লেক্স, বাড়ি-১, আনল, ওয়ার্ড-৪৮, দক্ষিণখান, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা-১২৩০।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
প্রশাসন-২ শাখা
www.rdcd.gov.bd

**স্মারক নম্বর:** ৪৭.০০.০০০০.০০০.০৩২.৯৯.০০০৭.২৬.২৬৬

তারিখ: ১৬ বৈশাখ ১৪৩৩
২৯ এপ্রিল ২০২৬

বিষয়: **গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত "বাংলাদেশ প্রতিবন্ধী কল্যাণ সমিতি (বিপিকেএস)-এর জাতীয় লটারি-২০২৬" এর টিকেট বিক্রির সহযোগীতার জন্য সমবায় অধিপ্তরের সকল জেলা সমবায় কার্যালয়, সকল উপজেলা সমবায় অফিসসহ সকল প্রকল্পের সকল অফিসের সকল কর্মকর্তা, কর্মচারী, গ্রাহকদের মাঝে ও তদীয় মাধ্যমে সকল দপ্তরকে অনুমতি ও নির্দেশনা প্রাদান প্রসঙ্গে।**

সূত্র: বিপিকেএস/লটারী/২০২৬-০০০-২৮, তারিখ: ১২.০৪.২০২৬ বাংলাদেশ প্রতিবন্ধি কল্যাণ সমিতি (বিপিকেএস) হতে প্রাপ্ত আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, "বাংলাদেশ প্রতিবন্ধী কল্যাণ সমিতির (বিপিকেএস) জাতীয় লটারি-২০২৬" এর টিকেট বিক্রির সহযোগীতার বিষয়ে দাখিলকৃত আবেদনের বিষয়ে বিধি মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

বিবেচ্য সংযুক্তি: বর্ণনা মোতাবেক, সদয় দ্রষ্টব্য।

**সংযুক্তিঃ**
(১) বর্ণনা মোতাবেক

২৯-০৪-২০২৬
কল্যাণ চৌধুরী
উপসচিব

নিবন্ধক ও মহাপরিচালক
নিবন্ধক ও মহাপরিচালকের দপ্তর, সমবায় অধিদপ্তর।

**স্মারক নম্বর:** ৪৭.০০.০০০০.০০০.০৩২.৯৯.০০০৭.২৬.২৬৬/১(৩)

তারিখ: ১৬ বৈশাখ ১৪৩৩
২৯ এপ্রিল ২০২৬

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
১। যুগ্মসচিব, প্রশাসন ও বাজেট অনুবিভাগ, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
২। সচিবের একান্ত সচিব , সচিবের দপ্তর, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
৩। কপি/, মাস্টার কপি।

২৯-০৪-২০২৬
কল্যাণ চৌধুরী
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
স্ট্যাম্প শাখা
www.ird.gov.bd

স্মারক নম্বর: ০৮.০০.০০০০.০০০.০৪০.৩৪.০০০২.২৬.২৪

তারিখ: ১৬ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
৩০ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: **লটারি অনুষ্ঠানের অনুমতি প্রদান।**

নির্দেশিত হয়ে জানাচ্ছি যে, দেশের অবহেলিত ও পিছিয়ে পড়া প্রতিবন্ধী জনগোষ্ঠীর আর্থ সামাজিক উন্নয়ন কার্যক্রমসমূহ অব্যাহত রাখার লক্ষ্যে তহবিল সংগ্রহের নিমিত্ত 'বাংলাদেশ প্রতিবন্ধী কল্যাণ সমিতি (বিপিকেএস)'-কে বাংলাদেশ সরকার নিম্নবর্ণিত ছকের ৪ নং কলামে বর্ণিত সময়ে জাতীয় পর্যায়ে ২০ (বিশ) টাকা মূল্যমানের টিকেট বিক্রয় ও ৫ নং কলামে বর্ণিত তারিখে লটারির 'ড্র' অনুষ্ঠানের অনুমতি প্রদান করা হলো :

| ক্রম | প্রতিষ্ঠানের নাম | টিকেটের মূল্যমান | টিকেট বিক্রয়ের সময়সীমা | 'ড্র' অনুষ্ঠানের তারিখ |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১. | বাংলাদেশ প্রতিবন্ধী কল্যাণ সমিতি (বিপিকেএস) | ২০ (বিশ) টাকা | ৩০-০৫-২০২৬ হতে ১৩-০৭-২০২৬ তারিখ পর্যন্ত | ১৯-০৭-২০২৬ |

**লটারি পরিচালনা/অনুষ্ঠানের শর্তাবলী :**

(ক) অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ২৬-০২-২০১৫ খ্রি. তারিখের ১০ নম্বর স্মারকে গঠিত কমিটির মাধ্যমে 'ড্র' অনুষ্ঠান সম্পন্ন করতে হবে;

(খ) পুরস্কারসহ লটারি অনুষ্ঠানের সমুদয় ব্যয় বিক্রিত টিকেটের মূল্যমানের অনূর্ধ্ব ৪৫% এর মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে;

(গ) লটারি অনুষ্ঠানকারী প্রতিষ্ঠান কর্তৃক আয়কর আইন, ২০২৩ এর ১১৮ ধারা মোতাবেক ২০% হারে উৎসে আয়কর কর্তন করে সরকারি কোষাগারে জমা প্রদান পূর্বক আয়কর আদায়কারি কর্তৃপক্ষকে অবহিত করতে হবে;

(ঘ) লটারি অনুষ্ঠানকারী প্রতিষ্ঠান কর্তৃক মূল্য সংযোজন কর আইন ২০১২ অনুযায়ী পরিবেশক বা প্রতিনিধির নিকট মূল্যছাড় প্রদান করে বিক্রীত টিকেটের ক্ষেত্রে উক্ত মূল্যছাড় হিসেবে গণ্য না করে উহার মূল্য নিরূপণ করতে হবে;

(ঙ) লটারি অনুষ্ঠানের অনুমতি কোন ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট কোন অবস্থাতেই বিক্রয়/হস্তান্তর করা যাবে না;

(চ) কোন শিক্ষা প্রতিষ্ঠান, ধর্মীয় প্রতিষ্ঠান, হাসপাতাল, ক্লিনিকের মাধ্যমে বা উহার অভ্যন্তরে লটারির টিকেট বিক্রয় বা বিক্রয়ের জন্য প্রচার করা যাবে না;

(ছ) এজেন্ট নিয়োগ এবং মোবাইল ফোনের মাধ্যমে লটারির টিকেট বিক্রয় সংক্রান্ত তথ্যাদি টিকেট বিক্রয় শুরুর পূর্বেই অভ্যন্তরীণ সম্পদ বিভাগকে অবহিত করতে হবে;

(জ) টিকেটের গায়ে টিকেট বিক্রির শেষ তারিখ ও 'ড্র' অনুষ্ঠানের তারিখ উল্লেখ করতে হবে;

(ঝ) টিকেট বিক্রির জন্য অনুমোদিত সময় সীমা অতিক্রান্ত হওয়ার পর কোনক্রমেই লটারির টিকেট বিক্রি করা যাবে না;

(ঞ) টিকেট বিক্রি শুরু থেকে 'ড্র' অনুষ্ঠান পর্যন্ত যে কোন সময় প্রয়োজনে কর্তৃপক্ষ সামগ্রিক কার্যক্রম পরিদর্শন করতে পারবে;

(ট) লটারির টিকেট বিক্রয়ের শেষ তারিখ অতিক্রান্ত হওয়ার তিন দিনের মধ্যে ভ্যাট পরিশোধ করে প্রমাণক অভ্যন্তরীণ সম্পদ বিভাগে প্রেরণ করতে হবে;

(ঠ) লটারির টিকেট বিক্রয়ের শেষ তারিখ অতিক্রান্ত হওয়ার তিন দিনের মধ্যে বিক্রীত ও অবিক্রীত টিকেটের হিসাব অভ্যন্তরীণ সম্পদ বিভাগে দাখিল করতে হবে;

(ড) 'ড্র' অনুষ্ঠান ও পুরস্কার বিতরণকালে অভ্যন্তরীণ সম্পদ বিভাগের সদস্যের উপস্থিতি নিশ্চিত করতে হবে;

(ঢ) শুধু বিক্রিত টিকেটের মধ্যেই লটারির 'ড্র' অনুষ্ঠানের বিষয়টি নিশ্চিত করতে হবে;

(ণ) টিকেট বিক্রয় সংক্রান্ত গ্রস আয়ের পরিমাণ এবং লটারির জন্য বিবেচ্য টিকেটের পূর্ণাঙ্গ তালিকায় 'লটারির ড্র কমিটি' এর সকল সদস্যের স্বাক্ষরের পর 'ড্র' অনুষ্ঠান করতে হবে;

(ত) বিভাগীয় কমিশনার, ঢাকা এর কার্যালয়ে লটারির 'ড্র' অনুষ্ঠান আয়োজন করতে হবে।

(থ) লটারি অনুষ্ঠানের ০২ (দুই) মাসের মধ্যে পুরস্কার বিতরণ নিশ্চিত করে পুরস্কার বিতরণ সংক্রান্ত তথ্যাদি অভ্যন্তরীণ সম্পদ বিভাগে প্রেরণ করতে হবে;

(দ) বর্ণিত (গ) ও (ঘ) শর্তের আলোকে প্রদেয় রাজস্ব সরকারি কোষাগারে জমা প্রদান সংক্রান্ত তথ্যাদি 'ড্র' অনুষ্ঠানের ৯০ (নব্বই) দিনের মধ্যে এ বিভাগের সচিব বরাবর দাখিল করতে হবে;এবং

(ধ) সরকার কর্তৃক নিবন্ধনকৃত কোন সি, এ ফার্মের দ্বারা নিরীক্ষা সম্পাদন পূর্বক লটারির টিকেট বিক্রয়লব্ধ সমুদয় অর্থের আয় ও ব্যয়ের নিরীক্ষিত হিসাব বিবরণীর ২ (দুই) কপি এবং এ সংশ্লিষ্ট সকল ব্যাংক হিসাব বিবরণী 'ড্র' অনুষ্ঠানের ৯০ (নব্বই) দিনের মধ্যে এ বিভাগে দাখিল করতে হবে।

০৩। উপরোক্ত শর্তাবলী লঙ্ঘন/অমান্য করা হলে, জাতীয় লটারি নীতিমালা, ২০১১ এর ৮ অনুচ্ছেদ অনুযায়ী উক্ত প্রতিষ্ঠানের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা নেয়া হবে।

০৪। লটারি অনুষ্ঠানের এ অনুমোদন যে কোন সময় বাতিল বা সংশোধন করার অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

৩০-০৩-২০২৬
মোঃ জিল্লুর রহমান
সহকারী সচিব
ইমেইল : ziltur.rahman@ird.gov.bd

নির্বাহী পরিচালক, বাংলাদেশ প্রতিবন্ধী কল্যাণ সমিতি (বিপিকেএস), বিপিকেএস কমপ্লেক্স, এইচ#১৭, ওয়ার্ড#০১ লেন, হাতিমবাগ, দক্ষিণখান ঢাকা উত্তর সিটি করপোরেশন, ঢাকা-১২৩০।

স্মারক নম্বর: ০৮.০০.০০০০.০০০.০৪০.৩৪.০০০২.২৬.২৪/১ (১৭)

তারিখ: ১৬ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
৩০ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
২। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ঢাকা।
৫। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।।
৬। সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;।
৯। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২। সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩। বিভাগীয় কমিশনার (সকল), (সকল জেলা প্রশাসক এর অবগতির ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
১৪। যুগ্ম সচিব (সঞ্চয় ও স্ট্যাম্প অনুবিভাগ), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
১৫। অর্থমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬। উপসচিব (সঞ্চয় ও স্ট্যাম্প অধিশাখা), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা এবং
১৭। সচিবের একান্ত সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।

৩০-০৩-২০২৬
মোঃ জিল্লুর রহমান
সহকারী সচিব